দৈনিক জনকণ্ঠ

তারিখ 06 MAY 2016
পৃষ্ঠা ...২... কলাম ... ৫ ...

যৌন নির্যাতন

# চুয়াডাঙ্গায় শিক্ষক সাসপেন্ড ॥ জেল হাজতে প্রেরণ

**নিজস্ব সংবাদদাতা, চুয়াডাঙ্গা, ৫ মে ॥** যৌন নির্যাতনের ঘটনায় চুয়াডাঙ্গা ঝিনুক মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের ইংরেজী বিভাগের শিক্ষক আহাদ আলিকে সাময়িক বরখাস্ত করেছে বিদ্যালয় পরিচালনা কমিটি। অপরদিকে বৃহস্পতিবার বিকেল অভিযুক্ত শিক্ষককে জেল-হাজতে প্রেরণ করা হয়েছে।

জানা গেছে, বৃহস্পতিবার বেলা ১১টায় যৌন নির্যাতনের ঘটনায় জরুরী বৈঠকে বসেন ঝিনুক মাধ্যমিক বালিকা-বিদ্যালয় পরিচালনা কমিটি। বৈঠকে অভিযুক্ত শিক্ষককে সাময়িক বরখাস্ত করা হয়। অপরদিকে দুপুরে নির্যাতিত ছাত্রীকে চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট ড. এবিএম মাহমুদুল হকের আদালতে হাজির করে ১৬৪ ধারায় জবানবন্দী রেকর্ড করে।

একই আদালত ভিকটিম স্কুলছাত্রীকে স্থানীয় বেসরকারী সংগঠন লোকমোর্চার হেফাজতে রাখার আদেশ দেন। লম্পট শিক্ষককের পক্ষে জামিন আবেদন না করায় বিচারক তাকে জেলহাজতে প্রেরণ করে। বুধবার রাতে নির্যাতনের স্বীকার ছাত্রীর দুলাভাই বাদী হয়ে শিক্ষক আহাদ আলির বিরুদ্ধে নারী ও শিশু নির্যাতন দমন আইনের ধারায় ধর্ষণের মামলা করে।